

মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ৮৪৯

পর্ব-৪: সালাত (الصلوة)

পরিচ্ছেদঃ ১২. দ্বিতীয় অনুচ্ছেদ - সালাতে ক্রিয়াআতের বর্ণনা

আরবী

وَعَنْ جَابِرِ بْنِ سَمْرَةَ قَالَ: كَانَ النَّبِيُّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ يَقْرَأُ فِي صَلَاةِ الْمَغْرِبِ لِيَلَّةَ الْجُمُعَةِ: (قُلْ يَا أَيُّهَا الْكَافِرُونَ) وَ (قُلْ هُوَ اللَّهُ أَحَدٌ) رَوَاهُ فِي شَرْحِ السَّنَةِ

বাংলা

৮৪৯-[২৮] জাবির (রাঃ) ইবনু সামুরাহ (রাঃ)হতে বর্ণিত। তিনি বলেন, নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম জুম'আর দিন রাতে (অর্থাৎ- বৃহস্পতিবারে দিবাগত রাতে) মাগরিবের সালাতে 'কুল ইয়া- আইয়ুহাল কা-ফিরুন' (সূরাহ আল কা-ফিরুন) ও 'কুল হওয়াল্ল-হ আহাদ' (সূরাহ ইখলাস) পাঠ করতেন।[১] এ হাদীসটি শারহস্স সুন্নাহ'য় বর্ণিত হয়েছে।

ফুটনোট

[১] খুবই দুর্বল : ইবনু হিবান ১৮৪১, যাঁফাহ ৫৫৯। ইমাম বাযহাকী (রহঃ) হাদীসটি সাঁজ্বেদ ইবনু সিমাল ইবনু হারব তার পিতা হতে এ সূত্রে বর্ণনা করে বলেনঃ আমি হাদীসটি জাবির ইবনু সামুরাহ থেকে বর্ণিত বলেই জানি। অতঃপর তিনি হাদীসটি উল্লেখ করেন। ইবনু হিবান বলেনঃ মাহফুজ হলো যেমাক থেকে অর্থাৎ- সঠিক হলো হাদীসটি মুরসাল যাতে জাবির (রাঃ)-এর উল্লেখ নেই। আর তিনি (ইবনু হিবান) যার কথা উল্লেখ করেছেন তিনি এ সাঁজ্বেদ। আর ইবনু হিবান যদিও তাকে বিশ্বস্ত বলেছেন কিন্তু আবু হাতিম তাকে মাতরাকুল হাদীস বলেছেন। আর হাফিয ইবনু হাজার আবু হাতিম-এর কথার উপর নির্ভর করেছেন বা তার কথা সমর্থন করেছেন এবং তিনি ফাতহুল বারীতে বলেছেনঃ মাহফুজ হলো রসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এ দু'টি সূরাহ মাগরিবের সুন্নাতে পড়েছেন। আলবানী (রহঃ) বলেনঃ আবু দাউদ ও অন্যান্যরা হাদীসটি ইবনু 'উমার থেকে সহীহ সানাদে বর্ণনা করেছেন।

হাদিসের মান: যাঁফ (Dai'f) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=55408>

₹ হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন